



এফআইডির তালিকায় ২০১৯ সালের সেরা দশ 'আইসিটিফোরডি' প্রবণতা

মুনীর তৌসিফ

যুক্তরাজ্যের 'ডিপার্টমেন্ট ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট' (ডিএফআইডি) সম্প্রতি চালু করেছে 'ফ্রন্টিয়ার টেকনোলজি লাইভ স্ট্রিমিং' প্রোগ্রাম। এই কর্মসূচির লক্ষ্য হচ্ছে আন্তর্জাতিক চ্যালেঞ্জ মোকাবেলায় বিকাশমান প্রযুক্তি প্রয়োগে ইউকেএইড-কে সহায়তা দেয়া। 'ফ্রন্টিয়ার টেকনোলজি লাইভ স্ট্রিমিং' যেসব কর্মসূচির সুযোগ দিচ্ছে, তার মধ্যে আছে :

- * স্মল স্কেল পাইলট টেস্টিংয়ের জন্য ১ লাখ পাউন্ডের শিড ফান্ডিং।
- * ডিএফআইডি উপদেষ্টাদের সাথে স্থানীয় প্রযুক্তি উদ্যোক্তা ও উদ্ভাবকদের সাথে মেলবন্ধন।
- * নতুন, গতিশীল ও কম প্রভাব সৃষ্টিকর পদ্ধতি প্রক্রিয়ায় ডিএফআইডি-কে সহায়তা দেয়া ফ্রন্টিয়ার টেকনোলজি লাইভ স্ট্রিমিং বর্তমানে দক্ষিণ এশিয়া ও আফ্রিকায় পরিচালনা করছে ১৬টি পাইলট প্রকল্প। এসব ডেমোনস্ট্রেশন প্রজেক্টের উদ্ভব ঘটেছে বিশ্ব পর্যায়ের ডিএফআইডি উপদেষ্টাদের প্রতি তিনটি ধারণা আহ্বানের সূত্র ধরে। এই ধারণা আহ্বান করা হয়, কী করে ফ্রন্টিয়ার টেকনোলজিগুলো কাজে লাগানো যায় উন্নয়নের চ্যালেঞ্জ মোকাবেলায়।

সেরা ১০ আইসিটিফোরডি প্রবণতা

ডিএফআইডি উপদেষ্টাবর্গ সম্প্রতি জরিপ চালিয়েছেন এ কথা জানতে, কী করে প্রযুক্তি সম্পর্কে পাবলিক পারসেপশন বা জনধারণা পরিবর্তিত হয়েছে, কোন কোন প্রযুক্তিকে ভাবা হচ্ছে সবচেয়ে বেশি প্রতিশ্রুতিশীল। একই সাথে জরিপে জানার চেষ্টা করা হয়েছে- দ্রুত পরিবর্তনশীল জগতে কী কী পরিবর্তন ঘটেছে। ৩৭টি দেশের ১৩৭টি ভোটার মাধ্যমে জানা গেছে, ডিএফআইডির জন্য সেরা দশ

আইসিটিফোরডি প্রবণতা (top 10 trends in ICT4D for DFID) হচ্ছে :

০১. বিগডাটা
০২. সার্কুলার ইকোনমি
০৩. ফিন্যান্সিয়াল টেকনোলজি
০৪. ব্লকচেইন
০৫. এআই ও মেশিন লার্নিং
০৬. স্যাটেলাইট টেকনোলজি
০৭. রিফিউজি অ্যাপ্লিকেশন
০৮. মাইক্রো-গ্রিড ব্যাটারি
০৯. থ্রিডি প্রিন্টিং
১০. অন্টারনেট ইন্টারনেট ডেলিভারি

ভোটিংয়ের বেলায় পছন্দের তালিকায় ব্যাপক ভোট ব্যবধানে সবার শীর্ষে ছিল বিগডাটা। ডিএফআইডি উপদেষ্টাদের বিশ্বাস,

বিগডাটা ডিএফআইডি-কে প্রবণতা দেখায় ও উন্নততর তহবিল বা সম্পদ বন্টনে সহায়তা করবে। এরপরও বড় মাপের ঝুঁকি থেকে যায়, উন্নয়ন খাতের সম্ভাবনাকে বোঝার অনেক আগেই বিগডাটা অন্যদের দিয়ে হাইজ্যাক হয়ে যেতে পারে। অনেকেই অবাক হয়েছেন জরিপের ভোটে সার্কুলার ইকোনমির র‍্যাঙ্ক এতটা উঁচুতে থাকায়। অনেকে সার্কুলার ইকোনমিকে আইসিটিফোরডি হিসেবেও দেখতে চান না। এরপরও ডিএফআইডি স্টাফ মনে করেন, এটি হচ্ছে রিসাইক্লিংয়ের একটি উপায়, পুনঃব্যবহার ও উদগিরণ কমিয়ে পরিবেশ উন্নয়নের এবং বৃহত্তর আর্থ-সামাজিক লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনেরও একটি উপায় এই সার্কুলার ইকোনমি। কারো কারো পরামর্শ আইসিটিফোরডির এই সেরা দশ প্রযুক্তি প্রবণতার তালিকা সম্পাদনা ▶

আইসিটিফোরডি প্রযুক্তি প্রবণতা : ২০১৯ বনাম ২০১৬

২০১৬-এর অবস্থান	আইসিটিফোরডি প্রযুক্তি	২০১৯-এর অবস্থান
০১.	সোলার ডিসোলিনেশন	১৮
০২.	হাউস হোল্ড/কমিউনিটি স্কিল ব্যাটারি	৯
০৩.	স্মার্ট গ্রিড	১৭
০৪.	ডিজিটাল আইডিনিটি	১৫
০৫.	ওয়াটার কনভেনশন টেকনোলজি	২৩
০৬.	সোলার কনভেনশন/মিটারিং ইঞ্জিন	২২
০৭.	স্মার্ট রিডিউসিং টেকনোলজি	১৯
০৮.	বিগ ডাটা	১
০৯.	স্মার্ট ইন্স্যুরেন্স	২১
১০.	প্ল্যাটফর্ম বিজনেস মডেল	১৪

করে এআই এবং মেশিন লার্নিং একীভূত করা উচিত। কিছু উদ্ভট কারণে এই দুটিকে আলাদা করা হয়েছে। এভাবেই অন্তারনেট ইন্টারনেট ডেলিভারিকে অনেকে সেবা দশের শীর্ষে দেখতে চান, ১০ নম্বরে দেখতে চান না।

আইসিটিফোরডি প্রবণতা ২০১৬ বনাম প্রবণতা ২০১৯

ডিএফআইডি 'আইসিটিফোরডি প্রবণতা'র ওপর জরিপ পরিচালনা করে ২০১৬ সালেও। সেখানে দেখা যাচ্ছে, ডিএফআইডি পূর্ববর্তী এই জরিপ থেকে ২০১৯ সালের জরিপে উল্লেখযোগ্য একটি পরিবর্তন ঘটেছে। এবার জরিপের সেবা দশ আইসিটিফোরডি প্রবণতার তালিকায় আগের জরিপের মাত্র দুটি প্রযুক্তি, অর্থাৎ বিগডাটা ও মাইক্রো-গ্রিড ব্যাটারি থাকতে সমর্থ হয়েছে। ডিএফআইডি উপদেষ্টারা বিশ্বাস করেন, বিগডাটা ছাড়াও নবায়ন ব্যাটারি টেকনোলজি ও স্মার্ট গ্রিড উন্নয়ন ঘটাতে পারে নবায়নযোগ্য জ্বালানি ব্যবহারের এবং কমাতে পারে আবহাওয়ার পরিবর্তন। ২০১৬ সালে



ডিএফআইডি আত্মহী ছিল কনডেসার, ডেসালিনেটর, সৌরবিদ্যুৎচালিত ব্যাটারি ও স্মার্ট গ্রিডের মতো হার্ডওয়্যার অ্যাপ্লিকেশনের ব্যাপারে। এখন দ্রুত তিন বছর অতিবাহিত হওয়ার পর বেশিরভাগ হার্ডওয়্যার ধারণাগুলো প্রতিস্থাপিত হয়েছে সফটওয়্যার ও প্রসেসিংয়ের মাধ্যমে।

কোনটা নয় আইসিটিফোরডি প্রবণতা

প্রশ্ন হচ্ছে, ২০১৯ সালের জরিপে কোনটা নয় ডিএফআইডি'র আইসিটিফোরডি প্রবণতা?

এবারের জরিপের আইসিটিফোরডি প্রবণতার একটি আকর্ষণীয় দিক হচ্ছে- ডিএফআইডি উপদেষ্টারা আন্তর্জাতিক উন্নয়নের হাই-প্রোফাইল টেকনোলজিগুলোকে র‍্যাঙ্কিং করেননি। সেবা দশের শেষ পাঁচটি প্রযুক্তির মধ্যে আছে :

০১. ৫জি ওয়্যারলেস স্পেকট্রাম
০২. অগমেন্টেড রিয়েলিটি
০৩. ভার্সুয়াল রিয়েলিটি
০৪. ওয়্যারেবল টেকনোলজি
০৫. স্মার্ট ডাস্ট

এসব প্রযুক্তি সম্পর্কে আত্মহের অভাবের কারণ হতে পারে তাদের

বোধগম্য ফলপ্রসূ, তার সাক্ষ্য-প্রমাণের অভাব এবং সংবাদ ও প্রযুক্তি মিডিয়ায় এসব প্রযুক্তি নিয়ে মাতামাতির অভাব।

প্রবণতাগুলো আপনি কীভাবে দেখছেন

এতক্ষণ আমরা জানলাম আইসিটিফোরডি প্রবণতাগুলো সম্পর্কে, যা তুলে ধরেছেন ডিএফআইডি উপদেষ্টারা। প্রশ্ন হচ্ছে, আপনার কাছে ধরা পড়ছে কোন প্রবণতাগুলো? আপনি আইসিটি ওয়ার্কসে কোন কোন প্রবণতাগুলো দেখতে পান?